

দিনাজপুরে ১৯০ প্রা. বিদ্যালয়ে স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন সম্পন্ন

জেলা বাস্তব পরিবেশক দিনাজপুর

সোমবার দিনাজপুরের চিরিরবন্দর উপজেলা শিক্ষা অফিসের আয়োজনে এবং জেএসকেএস প্র্যান্স ইন্টারন্যাশনাল এর সহযোগিতায় ভবিষ্যৎ নেতৃত্বের বিকাশ সাধনে ১৯০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্ট কাউন্সিল নির্বাচনে ভোট গ্রহণ সম্পন্ন হয়েছে।

চিরিরবন্দর উপজেলার তেঁতুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সরেজমিনে দেখা যায়, জাতীয় নির্বাচনের মতোই ছাত্রছাত্রীরা লাইন ধরে ভোট প্রদান করছে। ভোট কেন্দ্রের ভোট বুথে ভোট প্রদানের গোপন কক্ষ, ব্যালট বাগ, ভোটার লিস্টে নাম যাচাই, ভোটারদের আয়ত্রে কাপি দেপনসহ নির্বাচন কমিশনার, সহকারী প্রিজাইডিং অফিসার, পুলিশ এজেন্ট এবং নিরাপত্তার দায়িত্বে রয়েছে শিও পুলিশ ও আনসার আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যবৃন্দ।

স্কুলের প্রধান শিক্ষিকা নাহিদা আখতারী জানান, ৩ বছর ধরে এ স্কুলে কোমলমতি শিও শিক্ষার্থীদের গণতন্ত্র চর্চা ও নেতৃত্ব বিকাশের লক্ষ্যে জাতীয় নির্বাচনের মতোই আনন্দমুখর পরিবেশে ভোট প্রদান কার্যক্রম অনুষ্ঠিত হয়ে আসছে। তিনি বলেন আমার বিশ্বাস আজকের এই শিও ভোটাররা আগামীতে তাদের পছন্দমতো প্রার্থী নির্বাচিত করতে এবং ভোট প্রদানের ক্ষেত্রে অর্থনীতি ভূমিকা পালন করবে। জেএসকেএস সংস্থার প্রকল্প সমন্বয়কারী মো. সাজ্জাদ হোসেন ও টেকনিক্যাল কো.অর্ডিনেটর জ্যোৎস্না রানী সরকার বলেন, শিও শিক্ষার্থীদের এই নির্বাচনের মাধ্যমে তাদের মাঝে গণতন্ত্র চর্চা ও নেতৃত্বের বিকাশ ঘটবে। এই ভোটে যিনি নির্বাচিত হবেন তিনি স্কুলের সব সমস্যা দূরীকরণে এবং সার্বিক

উন্নয়নে যথেষ্ট ভূমিকা রাখবেন বলে আশাবাদ ব্যক্ত করেন। ভোটার প্রার্থী চতুর্থ শ্রেণীর ছাত্রী শামিয়া আক্তার (মিম) বলেন আমি নির্বাচিত হলে স্কুলে বাগান, খেলাধুলা, পিকনিক, পাঠ্যপুস্তক ক্রয়ের উন্নয়ন করে যাব।

সোমবার চিরিরবন্দর উপজেলার ১৯০টি প্রাইমারি বিদ্যালয়ে স্টুডেন্ট কাউন্সিলের ভোট গ্রহণ সম্পন্ন হয়।